

## দুইটি বিখ্যাত শ্যামাসঙ্গীত

গয়া গঙ্গা প্রভাসাদি কাশী কাঞ্চী কেবা যায় ।  
কালী কালী কালী ব'লে অজপা যদি ফুরায় ।।  
ত্রিসঙ্ক্যা যে বলে কালী, পূজা-সঙ্ক্যা সে কি চায় ।  
সঙ্ক্যা তার সঙ্কানে ফেরে, কভু সঙ্কি নাহি পায় ।।  
কালী-নামের এত গুণ কেবা জানতে পারে তায়,  
দেবাদিদেব মহাদেব যার পঞ্চমুখে গুণ গায় ।  
দানব্রত যজ্ঞ আদি, আর কিছু না মনে লয়,  
মদনের যাগযজ্ঞ - ব্রহ্মময়ীর রাঙা পায় ।।

---

সকলি তোমার ইচ্ছা ইচ্ছাময়ী তারা তুমি,  
তোমার কর্ম তুমি কর মা, লোকে বলে করি আমি ।  
পঙ্কে বন্ধ কর করী, পঙ্গুরে লজ্জাও গিরি,  
কারে দাও মা ব্রহ্মপদ, কারে কর অধোগামী ।।  
যে বোল বলাও তুমি, সেই বোল বলি আমি,  
তুমি তন্ত্র তুমি মন্ত্র তন্ত্রসারে সার তুমি ।।